চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
CHITTAGONG PORT AUTHORITY

# TOS Gate Control (VCMS) এর ব্যবহার নির্দেশিকা

**TOS Gate Control (VCMS):** TOS Gate Control (VCMS); চট্ট্রগ্রাম বন্দর কর্তৃপক্ষের তত্বাবধায়নে Terminal Operating System (TOS) এর আওতাধীন একটি অনলাইন ভিত্তিক যানবাহন নিয়ন্ত্রণকারী প্রক্রিয়া যার মাধ্যমে চট্ট্রগ্রাম বন্দরের অভ্যন্তরে প্রবেশকারী সকল যানবাহনের সকল তথ্য সংরক্ষণ করা হয়। উল্লেখিত প্রক্রিয়ার মাধ্যমে বন্দরের অভ্যন্তরে প্রবেশকারী সকল যানবাহনের প্রবেশ ফি নিম্নে উল্লেখিত চার পদ্ধতিতে অনলাইনে প্রদান করার ব্যবস্থা করা হয়েছে।

## পদ্ধতিসমুহঃ

১) C&F Panel এর মাধ্যমে (Web Portal)।

২) নিজে Sign Up এবং Login করে (Web Portal ও TOS App)।

৩) Sign Up ছাড়া (Web Portal ও TOS App)।


৪) One Stop সেন্টারে অন্যান্য বিলের সাথে।

উপরে উল্লেখিত পদ্ধতি সমূহের মধ্যে (৪) নং উপায়টি প্রস্তাবিত এবং প্রক্রিয়াধীন, বাকী সবগুলো পদ্ধতিতে ফি প্রদান এর ব্যবস্থা চলমান আছে। (১) থেকে (৩) নং পদ্ধতিগূলোর ব্যবহারবিধি নীচে ছবিসহ বর্ণনা করা হলঃ


## পদ্ধতি ১: C&F Panel এর মাধ্যমে

এ পদ্ধতিতে অনলাইনে ফি প্রদান করে Truck, Covered Van, Trailer এর গেট পাশ/টিকেট সংগ্রহ করা যাবে। এ পদ্ধতিতে ফি প্রদান করতে C&F Agent কে বন্দর কর্তৃক সরবরাহকৃত User Id ও Password ব্যবহার করে নিম্নেবর্ণীত ধাপ সমুহ সম্পন্ন করতে হবে।

**ধাপ ১**ঃ যে কোন Web Browser ওপেন করে চিত্র (১) এ উল্লেখিত স্থানে http://cpatos.gov.bd/ লিখে Enter বাটুন এ চাপলে চিত্র (২) এর মত User Interface দেখা যাবে এবং চিত্র (২) এ উল্লেখিত Port Community বাটুন এ ক্লিক করতে হবে।





চিত্রঃ ১





চিত্রঃ ২

**ধাপ ২ঃ** চিত্র (২) এ চিহ্নিত Port Community বাটন এ ক্লিক করলে চিত্র (৩) এর মত User Interface দেখা যাবে এবং চিত্র (৩) এ চিহ্নিত Login বাটন এ ক্লিক করলে চিত্র (৪) এর মত User Interface প্রদর্শিত হবে।





*চিত্রঃ ৩*

**ধাপ ৩ঃ** চিত্র (৪) এ User Id ও Password প্রদান পূর্বক Login বাটন এ ক্লিক করে Login করতে হবে এবং চিত্র (৫) এ প্রদর্শিত User Interface দেখা যাবে।





*চিত্রঃ ৪*

**ধাপ ৪ঃ** সফলভাবে Login করার পর চিত্র (৫) চিহ্নিত GATE PASS GENERATION বাটুন এ ক্লিক করলে চিত্র (৬) এ প্রদর্শিত সম্প্রসারিত উপ-মেনু সহ User Interface পাওয়া যাবে।





*চিত্রঃ ৫*





*চিত্রঃ ৬*

**ধাপ ৫ঃ** এই ধাপে FCL Container থেকে Delivery নেবার জন্য যে সমস্ত Truck/Covered Van বন্দরের অভ্যন্তরে প্রবেশ করবে তাদের Gate Pass সংগ্রহ করার জন্য চিত্র (৬) চিহ্নিত TRUCK ENTRY FCL বাটুন এ ক্লিক করতে হবে এবং চিত্র (৭) প্রদর্শিত Assignment List সহ User Interface প্রদর্শিত হবে।





চিত্রঃ ৭

**ধাপ ৬ঃ** চিত্র (৭) চিহ্নিত Truck Entry বাটুন এ ক্লিক করতে হবে। Truck Entry বাটুন এ ক্লিক করলে চিত্র (৮) এ প্রদর্শিত User Interface দেখা যাবে। চিত্র (৮) এর jetty sircar info অংশের চিহ্নিত Gate Pass এর ঘরে jetty sircar এর Gate Pass নম্বর প্রদান্ করে Save বাটুন এ ক্লিক করলে jetty sircar এর তথ্য সংরক্ষিত হাবে।





চিত্রঃ ৮

**ধাপ ৭ঃ** এই ধাপে চিত্র (৯) প্রদর্শিত সকল তথ্য প্রদান করে Truck/ Covered Van সিস্টেমে অন্তর্ভুক্ত করতে হবে।





*চিত্রঃ ৯*

**ধাপ ৮ঃ** এই ধাপে চিত্র (১০) চিহ্নিত Online বাটুন এ ক্লিক করে ফি প্রদান এর ধাপে যেতে হবে।





*চিত্রঃ ১০*

**ধাপ ৯ঃ** এটি ফি প্রদান এর প্রথম উপ-ধাপ। এই ধাপে চিত্র (১১) তে চিহ্নিত Sonali Bank, Cards ও Mobile Banking এর যে কোন একটি বিকল্প বাটুন এ ক্লিক করতে হবে। এই নির্দেশিকাতে **Mobile Banking** এর জন্য পরের ধাপগুলো দেখানো হয়েছে।




*চিত্রঃ ১১*

**ধাপ ১০ঃ** এই ধাপে Mobile Banking এর আওতাধীন বিভিন্ন Payment Gateway প্রদর্শিত আছে। চিত্র (১২) তে চিহ্নিত যে কোন বিকল্প নির্বাচন করে ফি প্রদান করা যাবে। এই নির্দেশিকাতে **নগদ** Payment Gateway এর জন্য পরের ধাপগুলো দেখানো হয়েছে।





*চিত্রঃ ১২*

**ধাপ ১১ঃ** এই ধাপে চিত্রে প্রদর্শিত Nagad Account Number এর ঘরে যে নাম্বার থেকে Nagad Account Number করা হয়েছে সেই নাম্বার প্রদান করে Proceed বাটুনে ক্লিক করতে হবে।





*চিত্রঃ ১৩*

**ধাপ ১২ঃ** ধাপ-১১ এর Proceed বাটুনে ক্লিক করলে ব্যবহারকারী তার মোবাইলে একটি PIN Code পাবে। চিত্র (১৪) এর PIN Code এর ঘরে প্রাপ্ত PIN Code টি প্রদান করে Proceed বাটুনে ক্লিক করতে হবে। সফল ভাবে ফি প্রদান করার পর চিত্র (১৫) এ চিহ্নিত Payment completed successfully বার্তা পাওয়া যাবে।





*চিত্রঃ ১৪*




*চিত্রঃ ১৫*

**ধাপ ১৩ঃ** এই ধাপে চিত্র (১৫) তে চিহ্নিত Print বাটুন এ ক্লিক করলে Gate Pass পাওয়া যাবে।




*চিত্রঃ ১৬*

## পদ্ধতি ২: নিজে Sign Up এবং Login করে (Web Portal ও TOS App)

এ পদ্ধতিতে অনলাইনে ফি প্রদান করে Truck, Covered Van, Trailer এর Gate Pass সংগ্রহ করার জন্য ব্যবহারকারীকে TOS এর Web Portal ও Mobile Apps দিয়ে Sign Up করতে হবে। Sign Up করার ফলে যে User Id ও Password পাওয়া যাবে তা দিয়ে Web Portal ও Mobile Apps উভয় প্লাটফর্মে Login করে করে নিম্নেবর্ণীত ধাপ সমুহ সম্পন্ন করে Gate Pass সংগ্রহ করা যাবে।


## Web Portal:

**ধাপ ১**ঃ Web Portal মাধ্যমে Sign Up করে Gate Pass সংগ্রহ করার জন্য ব্যবহারকারীকে **পদ্ধতি ১** এর **ধাপ-১** ও **ধাপ-২** অনুসরণ করতে হবে। তাহলে চিত্র (১৭) তে প্রদর্শিত User Interface পাওয়া যাবে।





*চিত্রঃ ১৭*

**ধাপ ২ঃ** চিত্র (১৬) তে চিহ্নিত SINUP বাটুনে ক্লিক করলে চিত্র (১৮) এর ন্যায় User Interface পাওয়া যাবে। চিত্র (১৮) তে প্রদর্শিত Mobile Number এর ঘরে Mobile Number প্রদান করে Next বাটুন এ ক্লিক করতে হবে।





*চিত্রঃ ১৮*

**ধাপ ৩ঃ** **ধাপ-২** সম্পন্ন করলে ব্যবহারকারী প্রদানকৃত Mobile Number এ একটি OTP পাবে। চিত্র (১৯) তে প্রদর্শিত Verify Code এর ঘরে OTP প্রদান করে Next বাটুন এ ক্লিক করতে হবে।




*চিত্রঃ ১৯*

**ধাপ ৪ঃ** OTP সফলভাবে প্রদান করা সম্পন্ন হলে চিত্র (২০) এ প্রদর্শিত ঘরসমুহে প্রয়জনীয় তথ্য প্রদান করে Sign Up সম্পন্ন করতে হবে।





*চিত্রঃ ২০*

**ধাপ ৫ঃ** Web Portal মাধ্যমে Sign Up করে Gate Pass সংগ্রহ করার জন্য ব্যবহারকারীকে **পদ্ধতি ১** এর **ধাপ-৩** অনুসরণ করে সিস্টেমে লগিন করলে চিত্র (২১) চিহ্নিত TRUCK ENTRY বাটুন এ ক্লিক করলে চিত্র (২২) এ প্রদর্শিত সম্প্রসারিত উপ-মেনু সহ User Interface পাওয়া যাবে।





*চিত্রঃ ২১*





*চিত্রঃ ২২*

**ধাপ ৬ঃ** চিত্র (২২) চিহ্নিত Truck Entry(Driver) বাটুনে ক্লিক করলে  চিত্র (২৩) এ চিহ্নিত Yard Delivery, Shed Delivery ও OCD বাটুন সম্বলিত User Interface পাওয়া যাবে এবং যে ধরনের Delivery নিতে আগ্রহী সেই বাটুনে ক্লিক করতে হবে। নির্দেশিকায় Yard Delivery এর ধাপগুলো দেখানো হয়েছে।





*চিত্রঃ ২৩*

**ধাপ ৭ঃ** চিত্র (২৩) এ চিহ্নিত Yard Delivery বাটুনে ক্লিক করলে চিত্র (২৪) এর মত User Interface পাওয়া যাবে এবং প্রয়োজনীয় তথ্য প্রদন করে Verify বাটুনে ক্লিক করে পরের ধাপে যেতে হবে।




*চিত্রঃ ২৪*

**ধাপ ৮ঃ** পূর্বের ধাপে সকল তথ্য সঠিক ভাবে দিয়ে থাকলে এই ধাপে SonaliPay অথবা EkPay বাটুনে ক্লিক করে অনলাইনে ফি প্রদান করা যাবে। নির্দেশিকায় SonaliPay এর মাধ্যমে ফি প্রদান করে দেখানো হয়েছে।




*চিত্রঃ ২৫*

**ধাপ ৯**ঃ এই ধাপে চিত্র (২৫) এর SonaliPay বাটুন ক্লিক করে **পদ্ধতি ১** এর **ধাপ-৯** থেকে **ধাপ-১৩** অনুসরণ করে Gate Pass সংগ্রহ করা যাবে।

## TOS Apps:


**ধাপ ১**ঃ TOS App মাধ্যমে Sign Up করে Gate Pass সংগ্রহ করার জন্য ব্যবহারকারীকে **পদ্ধতি ১** এর **ধাপ-১** ও **ধাপ-২** অনুসরণ করতে হবে। তাহলে চিত্র (২৬) এ প্রদর্শিত User Interface পাওয়া যাবে।




*চিত্রঃ ২৬*


**ধাপ ২**ঃ চিত্র (২৬) এ চিহ্নিত APPS মেনু এর আওতাধীন TOS App বাটুনে ক্লিক করে TOS App ডাউনলোড করে ইন্সটল করতে হবে অথবা Google Play store থেকে ডাউনলোড করে ইন্সটল করতে হবে।

**ধাপ ৩ঃ** সঠিকভাবে ইন্সটল করা হলে TOS App চালু করতে হবে এবং চিত্রে (২৭) চিহ্নিত TOS Gate Pass বাটুনে ক্লিক করতে হবে। TOS Gate Pass বাটুনে ক্লিক করলে (২৮) এর ন্যায় User Interface পাওয়া যাবে।





*চিত্রঃ ২৭*

**ধাপ ৪ঃ** এ ধাপে ব্যবহারকারী যদি পূর্বে Sign Up না করে থাকে তবে চিত্র (২৮) এ চিহ্নিত Register New Account বাটুনে ক্লিক করে Sign Up পেজে যেতে হবে এবং (২৯) এর ন্যায় User Interface পাওয়া যাবে। আর যদি পূর্বে Sign Up না করে থাকে তবে (২৮) এ প্রদর্শিত User Name ও Password এর ঘরে User Name ও Password প্রদান করে LOGIN বাটুনে ক্লিক করতে হবে এবং **ধাপ-৯** থেকে শুরু করে পরের ধাপগুলো সম্পন্ন করে Gate Pass সংগ্রহ করতে হবে।





*চিত্রঃ ২৮*

**ধাপ ৫ঃ** এ ধাপে চিত্র (২৯) এ প্রদর্শিত মোবাইল নম্বরের ঘরে সঠিক মোবাইল নম্বর প্রদান করে Next বাটুনে ক্লিক করতে হবে। উক্ত বাটুনে ক্লিক করলে সিস্টেম ব্যবহারকারীর প্রদত্ত মোবাইল নম্বরে একটি OTP পাঠাবে।





*চিত্রঃ ২৯*

**ধাপ ৬ঃ** এ ধাপে ব্যবহারকারীকে সিস্টেম থেকে প্রাপ্ত OTP চিত্র (৩০) প্রদর্শিত OTP এর ঘরে প্রদান করে Next বাটুনে ক্লিক করতে হবে।





*চিত্রঃ ৩০*

**ধাপ ৭**ঃ এ ধাপে ব্যবহারকারীকে চিত্র (৩১) প্রদর্শিত তথ্য প্রদান করে Next বাটুনে ক্লিক করতে হবে।





*চিত্রঃ ৩১*

**ধাপ ৮**ঃ এ ধাপে ব্যবহারকারীকে চিত্র (৩২) প্রদর্শিত তথ্য প্রদান করে DONE বাটুনে ক্লিক করলে Sign Up ধাপ সম্পন্ন হবে এবং প্রদানকৃত মোবাইল ও পিন দ্বারা **ধাপ-8** এর মাধ্যমে Login করতে হবে এবং **ধাপ-৯** থেকে শুরু করে পরের ধাপগুলো সম্পন্ন করে Gate Pass সংগ্রহ করতে হবে।





*চিত্রঃ ৩২*

**ধাপ ৯ঃ** সফল ভাবে Login করার পর চিত্র (৩৩) এর ন্যায় User Interface পাওয়া যাবে। যানবাহনের তথ্য প্রদান করে Gate Pass সংগ্রহ করতে চিত্রে (৩৩) প্রদর্শিত যে কোন একটি বাটুন ক্লিক করে পরের ধাপগুলো সম্পন্ন করতে হবে। এই নির্দেশিকায় Yard Delivery (FCL) বাটুনে ক্লিক করে সেই অনুসারে পরের ধাপ গুলো দেখানো হয়েছে।





*চিত্রঃ ৩৩*

**ধাপ ১০ঃ ধাপ-৯** এ Yard Delivery (FCL) বাটুনে ক্লিক করলে চিত্র (৩৪) এর ন্যায় User Interface প্রদর্শিত হবে এবং প্রয়োজনীয় তথ্য প্রদান করে Next বাটুনে ক্লিক করে পরের ধাপে যেতে হবে।




*চিত্রঃ ৩৪*

**ধাপ ১১ঃ** পূর্বের ধাপে সকল তথ্য সঠিক ভাবে দিয়ে থাকলে এই ধাপে SonaliPay অথবা EkPay বাটুনে ক্লিক করে অনলাইনে ফি প্রদান করা যাবে। নির্দেশিকায় SonaliPay এর মাধ্যমে ফি প্রদান করে দেখানো হয়েছে।




*চিত্রঃ ৩৫*


**ধাপ ১২ঃ** এই ধাপে চিত্র (২২) এর SonaliPay বাটুন ক্লিক করে **পদ্ধতি ১** এর **ধাপ-৯** থেকে **ধাপ-১৩** অনুসরণ করে Gate Pass সংগ্রহ করা যাবে।

## পদ্ধতি ৩: Sign Up ছাড়া (Web Portal ও TOS App)

এ পদ্ধতিতে অনলাইনে ফি প্রদান করে Truck, Covered Van, Trailer এর Gate Pass সংগ্রহ করার জন্য কোন User Id ও Password ব্যবহার করতে হবে না। শুধু নিম্নেবর্ণীত ধাপ সমুহ সম্পন্ন করে Gate Pass সংগ্রহ করা যাবে।


## Web Portal:

**ধাপ ১**ঃ এ পদ্ধতিতে Gate Pass সংগ্রহ করার জন্য ব্যবহারকারীকে এ ধাপে প্রথমে **পদ্ধতি ১** এর **ধাপ-১** ও **ধাপ-২** অনুসরণ করতে হবে। তাহলে চিত্র (৩৬) তে প্রদর্শিত User Interface পাওয়া যাবে।




*চিত্রঃ ৩৬*

**ধাপ ২**ঃ চিত্র (৩৬) এ চিহ্নিত Online Payment for Vehicle Entry অংশে Phone Number ও C&F এর তথ্য প্রদান করে SonaliPay অথবা EkPay বাটুনে ক্লিক করে অনলাইনে ফি প্রদান করা যাবে। নির্দেশিকায় SonaliPay এর মাধ্যমে ফি প্রদান করে দেখানো হয়েছে। SonaliPay বাটুন ক্লিক করে **পদ্ধতি ১** এর **ধাপ-৯** থেকে **ধাপ-১৩** অনুসরণ করে Gate Pass সংগ্রহ করা যাবে এবং চিত্র (৩৭) এর ন্যায় Gate Pass পাওয়া যাবে।



www.cpatos.gov.bd

Vehicle Pass (1 day)

**Visit Id** : 160646
**Cont No.** : MRKU3629686
**C&F Name.** : RANA ENTERPRISES
**Truck No.** : Dhaka-Metro THA 11-1076
**Gate No.** : CCT-3
**Block No.** :
**Driver** : MD MUSA
**Driver Pass:** 1120000014404
**Helper** :
**Helper Pass** :
**Transport Agency** :

160646

Issued from CCT 03 at **2022-08-11 12:15:32**
Valid Till: **2022-08-12 12:15:32**
Printed By:


*চিত্রঃ ৩৭*

**ধাপ ৩ঃ** চিত্র (৩৬) এ চিহ্নিত Vehicle Ticket Print অংশে Ticket Id প্রদান করে Ticket Print বাটুনে ক্লিক করলে চিত্র (৩৭) এর ন্যায়  Ticket প্রদর্শিত হবে ও সংগ্রহ করা যাবে।

## TOS Apps:


**ধাপ ১ঃ** এ পদ্ধতিতে ও যদি TOS Apps ব্যবহারকারীর মোবাইলে App টি না থেকে থাকে তাহলে **পদ্ধতি ২** এর **TOS Apps** অংশের ব্যবহার নির্দেশিকার **ধাপ-১** ও **ধাপ-২** অনুসরণ করে App টি ইন্সটল ও চালু করতে হবে। তার পর নিম্নেবর্ণীত ধাপ সমুহ সম্পন্ন করে Gate Pass সংগ্রহ করা যাবে।

**ধাপ ২ঃ** চিত্র (৩৮) এ চিহ্নিত Truck Entry Fee বাটুনে ক্লিক করে পরের ধাপে যেতে হবে।




*চিত্রঃ ৩৮*

**ধাপ ৩ঃ** চিত্র (৩৯) এ প্রদর্শিত Phone Number ও C&F এর তথ্য প্রদান করে SonaliPay অথবা EkPay বাটুনে ক্লিক করে অনলাইনে ফি প্রদান করা যাবে। নির্দেশিকায় SonaliPay এর মাধ্যমে ফি প্রদান করে দেখানো হয়েছে। SonaliPay বাটুন ক্লিক করে **পদ্ধতি ১** এর **ধাপ-৯** থেকে **ধাপ-১৩** অনুসরণ করে Gate Pass সংগ্রহ করা যাবে এবং চিত্র (৩৭) এর ন্যায় Gate Pass পাওয়া যাবে।


12:30 PM | 0.0KB/s
Truck Entry Fee Payment
Truck Entry Fee Payment
Phone No(Ex:01600000000)
01674077457
Type And Select CnF
301002880 - MARS GENERATION IMPEX
Payment By:
Sonali Pay
ekpay
IMPEX
IMPECCABLE
IMPER
English

চিত্রঃ ৩৯

সমাপ্ত